রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২৯, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩১/১৮ জুলাই ২০২৪

নং **০৩.২২.০০০০.০৭৬.৪৬.০০৫.২০২৩(অংশ-১)-১১৩**—প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ২৯ মে ২০২৪ তারিখের ০৩.২২.০০০০.০৭৬.৪৬.০০৫.২০২৩(অংশ-১)-৮৮ সংখ্যক প্রজ্ঞাপনমূলে Bangladesh Climate Development Partnership (BCDP) এর আদর্শ কাঠামো নির্ধারণ এবং এর মাধ্যমে জলবায়ু অর্থায়নের সম্ভাব্য কৌশল ও পদ্ধতি নির্ধারণের নিমিত্ত গঠিত Bangladesh Climate Development Partnership (BCDP) বোর্ড নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ০১ | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | সভাপতি |
| ০২ | পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| ০৩ | সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ০৪ | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ০৫ | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ০৬ | সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ০৭ | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| ০৮ | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য |


**মূল্য :** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ০৯ | সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| ১০ | সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ১১ | সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ১২ | প্রতিনিধি, প্রাইভেট সেক্টর (০১) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৩-১৪ | উন্নয়ন সহযোগী সংস্থার ০২ (দুই) জন প্রতিনিধি | সদস্য |
| ১৫ | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য সচিব |

**বর্ণিত ক্রম জ্যেষ্ঠতাভিত্তিক নয়। *সচিব বলতে প্রযোজ্য ক্ষেত্রে সিনিয়র সচিবও বুঝাবে।*

**বোর্ড-এর কার্যপরিধি:**

(ক) জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় প্রয়োজনীয় অভ্যন্তরীণ ও বৈদেশিক অর্থায়নের উৎস অনুসন্ধান। বিশেষ করে বেসরকারি খাত হতে অর্থায়ন বৃদ্ধির জন্য cross-sector/multi stakeholder/bankable project তৈরির কৌশল নির্ধারণ;

(খ) জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় প্রয়োজনীয় প্রকল্প চিহ্নিত করে তা গ্রহণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পরামর্শ প্রদান;

(গ) জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় প্রয়োজনীয় প্রশিক্ষিত ও দক্ষ জনবল তৈরির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ;

(ঘ) জলবায়ু অর্থায়নের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের লক্ষ্যে সমন্বয় সাধন, সবুজ রূপান্তর (green transition) এবং জলবায়ু সহিষ্ণু সংশ্লিষ্ট উন্নয়ন ত্বরান্বিতকরণ;

(ঙ) পলিসি গ্যাপ (policy gap) শনাক্তকরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(চ) জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় গবেষণা কাজে সহায়তা এবং অংশীদারগণের যৌথ অংশগ্রহণের মাধ্যমে জ্ঞান বিনিময়, দক্ষতা, নতুন টেকনোলজি এবং টেকসই ব্যবস্থাপনা কৌশল ও পদ্ধতি নির্ধারণ;

০২। বোর্ড প্রতি অর্থবছরে অন্তত ০২ (দুই) বার সভা আয়োজন করবে। তবে সভাপতি প্রয়োজনবোধে যে কোনো সময় সভা আহ্বান করতে পারবেন এবং বোর্ড প্রয়োজনবোধে সংশ্লিষ্ট যে কোনো সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

০৩। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এ বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ নাজমুল হক**
পরিচালক-৯।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd